



জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল - ৮২০০

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

প্রেস-রিলিজ

তারিখঃ ২৪/০৯/২০১৭খ্রিঃ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে ছুটি

শারদীয় দুর্গোৎসব এবং পবিত্র আশুরা উপলক্ষে বরিশাল বিশ্ববিদ্যালয়ে আজ ২৪ সেপ্টেম্বর থেকে ছুটি শুরু হয়েছে। দুর্গাপূজা উপলক্ষে একাডেমিক তথা ক্লাশ কার্যক্রমের ছুটি ২৪ সেপ্টেম্বর থেকে ২৮ সেপ্টেম্বর পর্যন্ত এবং প্রশাসনিক তথা অফিস কার্যক্রমের ছুটি ২৬ সেপ্টেম্বর থেকে ২৮ সেপ্টেম্বর পর্যন্ত। এছাড়াও পবিত্র আশুরা উপলক্ষে আগামী ০১ অক্টোবর ২০১৭ তারিখ রবিবার বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ও প্রশাসনিক কার্যক্রমে ছুটি থাকবে। ০২ অক্টোবর সোমবার হতে যথারীতি বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ও প্রশাসনিক কার্যক্রম শুরু হবে। বিশ্ববিদ্যালয় ছুটি থাকাকালীন সময়ে ডেসপ্যাচ শাখা ও সিকিউরিটিসহ অন্যান্য জরুরী সেবাসমূহ বলবৎ থাকবে। এদিকে শারদীয় দুর্গোৎসব উপলক্ষে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. এস এম ইমামুল হক হিন্দু ধর্মাম্বলীদের শুভেচ্ছা জানান। এ উপলক্ষে তিনি বলেন, সার্বজনীন দুর্গোৎসব আপনাদের জীবনে বয়ে আনুক আনন্দ, সফলতা ও সর্বময় কল্যান এ প্রত্যাশা আমার।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

মো. ফয়সল মাহমুদ রুমি
উপ-পরিচালক (চলতি দায়িত্ব)
জনসংযোগ অফিস